

# শিবচর পৌরসভা কার্যালয়

শিবচর, মাদারীপুর।

## “প্রজ্ঞাপন”

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫৫ ধারা অনুসরণ পূর্বক এবং ২২/০২/২০১৬খ্রিঃ তারিখের পৌর পরিষদের সিদ্ধান্ত মোতাবেক শিবচর পৌরসভায় নিম্ন বর্ণিত স্থায়ী কমিটি গঠন করা হলো।

### (১) কর নিরূপন ও আদায় কমিটি :

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মোঃ আকতার হোসেন খান	কাউন্সিলর, ০১নং ওয়ার্ড	সভাপতি
০২	জনাব মোঃ আওলাদ হোসেন খান	মেয়র, শিবচর পৌরসভা	সদস্য
০৩	জনাব মোঃ হানিফ খালাসী	কাউন্সিলর, ০৪ নং ওয়ার্ড	সদস্য
০৪	জনাব আজিমুন বেগম	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০২	সদস্য
০৫	জনাব মলি রায়	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০১	সদস্য

### ২। কমিটির কার্য পরিধিঃ

- ২.১। কর, উপ-কর, রেইট, টোল, ফিস ও অন্যান্য কর আরোপ এবং আদায়ের ক্ষেত্রে বিভিন্ন কৌশল অবলম্বনের সুপারিশ করা;
- ২.২। সরকারি নীতিমালার সাথে সঙ্গতিবিধান করিয়া কর আরোপ বিধিমালা প্রয়োগ করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা;
- ২.৩। কর অব্যাহতি, কর রহিতকরণ ও কর চূড়ান্তকরণ বিষয়ে মতামত প্রদান করা;
- ২.৪। কর আদায় ও কর নির্ধারণ কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;
- ২.৫। সময়মত কর পরিশোধে জনসাধারণকে উদ্বুদ্ধ করা;
- ২.৬। অস্বাভাবিক কর নির্ধারণ কার্যক্রম অব্যাহত রাখার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ২.৭। কর সংক্রান্ত ডাটাবেইজ তৈরী ও হালনাগাদ করার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ২.৮। কর আদায় কার্যক্রম মনিটরিং করা এবং আদায় লক্ষ্যমাত্রা নির্ধারণ ও আদায় পরিস্থিতি পর্যালোচনা করা;
- ২.৯। কর সংক্রান্ত আপত্তি শুনানি গ্রহণ পূর্বক দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করা;
- ২.১০। কর প্রদান ও সেবা গ্রহণ বিষয়ে পৌরসভা ও জনগণের মাঝে সেতুবন্ধন হিসাবে কাজ করা;
- ২.১১। রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে করের নতুন নতুন উৎস খোঁজকরণ;
- ২.১২। কর নিরূপণ ও আদায় কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা;

- ২.১৩। পৌরসভার নিজস্ব তহবিল দ্বারা কর আদায়ের বিষয়ে কম্পিউটার সফটওয়্যার চালু করা এবং অব্যাহত রাখা;
- ২.১৪। কমিটি বিশেষজ্ঞ সদস্য হিসাবে সংশ্লিষ্ট উপজেলার সহকারী কমিশনার (ভূমি) কে কো-অপট করিতে পারিবে;
- ২.১৫। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র

শিবচর পৌরসভা  
শিবচর, মাদারীপুর।

স্মারক নং-শিব-পৌর/২০১৬/

তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, মাদারীপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

৩-১২। জনাব..... কাউন্সিলর, (সকল) শিবচর পৌরসভা।

১৩। জনাব ..... (শাখা প্রধান), শিবচর পৌরসভা।

(মোঃ আওলাদ হোসেন খান)

মেয়র

শিবচর পৌরসভা  
শিবচর, মাদারীপুর।